দৈনিক বাংলা

তারিখ ... 22 NOV 1984
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২ ...



# শিক্ষার মান

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ উচ্চশিক্ষার মান ও ধরন উন্নয়নের উদ্দেশ্যে এ সম্পর্কিত সমস্যাগুলি চিহ্নিত করার আহবান জানিয়েছেন। তিনি বলেছেন, উচ্চ শিক্ষার মানের অবনতি ঘটতে দেয়া যায় না। কারণ, দেশের সার্বিক উন্নয়ন ও অগ্রগতি শিক্ষামানের উপর নির্ভরশীল। দেশে যদি শিক্ষার মানের ক্ষেত্রে আমরা উন্নতি সাধন করতে না পারি, তা হলে জাতীয় উন্নতি ও প্রগতির আশা সুদূর পরাহতই থেকে যাবে।

সামাজিক ও অর্থনৈতিক অগ্রগতিতে প্রকৃত শিক্ষার সর্বকালীন ফলপ্রসূ ভূমিকা উপলব্ধি করেই দেশের সবাই আজ শিক্ষা উন্নয়নে বিশেষ জোর দেয়ার কথা বলছেন। যুগোপযোগী শিক্ষা প্রবর্তন, শিক্ষা সংস্কার, নকল নির্মূল শিক্ষার স্বাভাবিক পরিবেশ পুনঃ প্রতিষ্ঠা ইত্যাদি এখন বহুল আলোচিত বিষয়। দেশের প্রেসিডেন্ট, প্রধানমন্ত্রী, রাজনীতিকবর্গ, পন্ডিত-সমাজ, শিক্ষকবৃন্দ, বুদ্ধিজীবী মহল, অভিভাবকমন্ডলী— সবাই শিক্ষার সংস্কার ও মান উন্নয়নের কথা বলছেন। যে ব্যাপারে সবাই একমত এবং যে দাবী সবার দাবী, সে ব্যাপারে আজও কেন কোন সমাধান হচ্ছে না, তা বোধগম্য নয়। কারও কারও কথা ও কাজে মিল নেই বলেই এই দুঃখজনক পরিস্থিতি সৃষ্টি হয়েছে, এই ধারণা অমূলক নয়।

প্রধানমন্ত্রী সমস্যার সঠিক জায়গা নির্দিষ্ট করার কথাই বলেছেন। শিক্ষাঙ্গনকে কলুষমুক্ত এবং উচ্চ শিক্ষার মান উন্নত করতে হলে সবার আগে গোড়ার গলদ দূর করতে হবে। প্রথমে সমস্যাগুলি সুনির্দিষ্টভাবে চিহ্নিত করে সেগুলি দূর করার কার্যকর ব্যবস্থা নিতে হবে। তবে এসব সমস্যাও আমাদের কারও কাছে অপরিচিত নয়।

আমাদের দেশে আরও স্কুল কলেজ ও বিশ্ববিদ্যালয়ের প্রয়োজন আছে। কিন্তু কিছু কিছু শিক্ষায়তন এমনভাবে গড়ে উঠেছে যা শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টি করেনি। এসব শিক্ষায়তনে নেই প্রয়োজনীয় এবং উপযুক্ত অধ্যাপকমন্ডলী এবং শিক্ষার সুষ্ঠু আয়োজন। এসব শিক্ষানিকেতনে অধ্যয়ন-অধ্যাপনার চাইতে শিক্ষাবহির্ভূত কাজই বেশী চলে। তাছাড়া, বহু শিক্ষাপ্রতিষ্ঠানে যথেষ্ট শিক্ষকেরও অভাব আছে। এসব সমস্যার সমাধানও জরুরী।

দেশের উচ্চশিক্ষার মান উন্নত করতে হলে এসব কারণ, বিশেষ করে সংকীর্ণ রাজনীতি দূর করতে হবে। তৈরী করতে হবে শিক্ষার পরিবেশ। সকল শিক্ষক যাতে প্রয়োজনীয় যোগ্যতা-সম্পন্ন ও শিক্ষায় নিবেদিত প্রাণ হন, তার নিশ্চয়তা বিধান করতে হবে। সময়মত পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশের সঙ্গেও শিক্ষা উন্নয়নের বিষয় অনেকখানি জড়িত।

ভিত পাকা হলেই ছাত্রছাত্রীদের মেধার বিকাশ ঘটে, বেশি সংখ্যক ভাল ছাত্রছাত্রী তৈরি হয়। কিন্তু দুঃখজনক হলেও সত্য, আমাদের দেশে এই ভিত অর্থাৎ প্রাথমিক শিক্ষা ব্যবস্থাটাই ভীষণ নড়বড়ে ও অগোছালো।

শিক্ষার মান উন্নয়নের জন্য সুষ্ঠু প্রাথমিক শিক্ষা, শিক্ষার সুনির্দিষ্ট লক্ষ্য নির্ধারণ, শিক্ষা ও পরীক্ষা ব্যবস্থার সংস্কার এবং শিক্ষাঙ্গনে নিয়ম-শৃংখলা ও নিয়মিত পড়াশোনার অনুকূল পরিবেশ অপরিহার্য। বাস্তবভিত্তিক পরিকল্পনা ও সংশ্লিষ্ট সকলের আন্তরিক প্রচেষ্টার মাধ্যমেই এই লক্ষ্যগুলি নিশ্চিত করা সম্ভব।